

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com

**বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধান কর্তৃক e-Requisition প্রদানের পর উপজেলা মাধ্যমিক
শিক্ষা অফিসার (USEO) এবং জেলা শিক্ষা অফিসার (DEO) কর্তৃক পালনীয় নির্দেশনাবলী:-**

১. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ, কারিগরি, মাদরাসা, ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী শিক্ষক প্রাপ্যতা নিশ্চিত হয়ে ঘোষণাকৃত পদটি শূন্য মর্মে প্রত্যয়ন প্রদান করতে হবে। তবে উল্লেখ্য যে, এমপিও পদের ক্ষেত্রে প্রতিষ্ঠানের এমপিও কপি, শিক্ষক তালিকা, নিয়োগ সিদ্ধান্তে পদ শূন্য ঘোষণার ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডির রেজুলেশন, ১ম ও শেষ বিষয় স্বীকৃত ও অধিভুক্তির মেয়াদ, মামলাসহ অন্যান্য বিষয় নিশ্চিত হয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ঘোষণাকৃত তথ্য সঠিক আছে মর্মে প্রত্যয়ন প্রদান করতে হবে।
২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক পালনীয় নির্দেশনাবলী সঠিকভাবে পালন করা হয়েছে কিনা তা মনিটর করতে হবে।
৩. কোন প্রতিষ্ঠান ভুল তথ্য প্রদান করলে তা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে সংশোধনের ব্যবস্থা করা।

পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন নং ০২-৪১০৩০১২১.